

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

‘দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি
হাস করবে জীবন ও সম্পদের ঝুঁকি।’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(দুব্যক-৩ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৩২১.৩৮.০০১.১৯.-৬৯

তারিখ: ১৪ ফেব্রুয়ারি, ২০১৯
০২ ফাল্গুন, ১৪২৫


বিষয়: ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯’ উদযাপন।

প্রতি বছর ১০ মার্চ তারিখে ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস’ উদযাপন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দুর্যোগ ঝুঁকিহ্রাসে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১০ মার্চ, ২০১৯ তারিখে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপন করা হবে। ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯’ উদযাপনের নিমিত্ত এ বছরের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে :

**“দুর্যোগ মোকাবিলায় প্রস্তুতি
হাস করবে জীবন ও সম্পদের ঝুঁকি।”**

যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও আলোচনা সভা, প্রদর্শনী, সড়কদ্বীপ সজ্জা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্মরণিকা প্রকাশ, জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, পোস্টার ও লিফলেট বিতরণ, সরকারি ও বে-সরকারি টেলিভিশন চ্যানেলে আলোচনা অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয়েছে। উল্লেখ্য ইতোপূর্বে ই-মেইল মারফত এবং ডাকযোগে ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯’ উদযাপন সংক্রান্ত কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে এবং এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.modmr.gov.bd এ আপলোড করা হয়েছে।

এমতাবস্থায়, জাতীয় পর্যায়ের অনুষ্ঠানসূচির সাথে মিল রেখে ১০ মার্চ, ২০১৯ তারিখে ‘জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস-২০১৯’ উদযাপন উপলক্ষে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসের প্রতিপাদ্যের সাথে মিল রেখে র্যালি, সচেতনতা বৃদ্ধি সভা, সমাবেশ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভূমিকম্প ও অগ্নিকাণ্ডে করণীয় বিষয়ক মহড়া অনুষ্ঠানের আয়োজনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(আবদুল কাদের)

উপসচিব

ফোন: ৯৫৪৬৩০৭

dsdmprog@modmr.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে (জেষ্ঠতার ভিত্তিতে মনে)

১. অতিরিক্ত সচিব -----(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৪. মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৫. যুগ্মসচিব -----(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন -----(সকল)
৭. জেলা প্রশাসক, -----(সকল)।
৮. উপসচিব -----(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১১. সিনিয়র সহকারী সচিব, -----(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১২. উপজেলা নির্বাহী অফিসার, -----(সকল)।
১৩. সিনিয়র সহকারী প্রধান/ সহকারী সচিব/ সহকারী প্রধান, -----(সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১৪. সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সিনিয়র তথ্য অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
১৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----(সকল)।
১৭. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----(সকল)।
১৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, NDRCC, চিঠিটি ফ্যাক্স ও ই-মেইল মারফত সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।